

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৩৬

(কتاب تفسیر القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা যুমার

بَابُ: وَمِنْ سُورَةِ الزُّمَرِ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو بْنِ عَلْقَمَةَ، عَنْ يَحْيَى بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ حَاطِبٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ، عَنْ أَبِيهِ، قَالَ لَمَّا نَزَلَتْ: (ثُمَّ إِنَّكُمْ يَوْمَ الْقِيَامَةِ عِنْدَ رَبِّكُمْ تَخْتَصِمُونَ) قَالَ الزُّبَيْرُ يَا رَسُولَ اللَّهِ أَتُكْرَرُ عَلَيْنَا الْخُصُومَةُ بَعْدَ الَّذِي كَانَ بَيْنَنَا فِي الدُّنْيَا قَالَ "نَعَمْ". فَقَالَ إِنَّ الْأَمْرَ إِذَا لَشَدِيدٌ. قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ.

বাংলা

৩২৩৬. ইবন আবু উমর (রহঃ) আবদুল্লাহ্ ইবন যুবায়র-এর পিতা যুবায়র রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যেঃ (ثُمَّ إِنَّكُمْ يَوْمَ الْقِيَامَةِ عِنْدَ رَبِّكُمْ تَخْتَصِمُونَ) – এরপর কিয়ামত দিবসে তোমরা পরস্পর তোমাদের প্রতিপালকের সম্মুখে বাক-বিতণ্ডা করবে। (যুমার ৩৯ঃ ৩১) আয়াতটি নাযিল হলে যুবায়র রাদিয়াল্লাহু আনহু বললেনঃ ইয়া রাসূলুল্লাহ! দুনিয়াতে আমাদের পরস্পর বাক-বিতণ্ডা হওয়ার পরও (আল্লাহর সমক্ষে আখিরাতেও) এর পুনরাবৃত্তি হবে কি? তিনি বললেনঃ হ্যাঁ। যুবায়র রাদিয়াল্লাহু আনহু বললেনঃ তা হলে তখন তো বিষয়টি খুবই কঠিন হবে।

হাসান, সহীহাহ ৩৪০, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৩৬ [আল মাদানী প্রকাশনী]

(আবু ইসা বলেন)এই হাদীসটি হাসান-সহীহ।

English

Narrated 'Abdullah bin Az-Zubair:

from his father who said: "When (the following) was revealed: 'Then, on the Day of Resurrection, you will be disputing before your Lord (39:31).' Az-Zubair said "O Messenger of Allah! We will repeat our disputes after what

happened between us in the world?" He said: "Yes." So he said: "Indeed this is a very serious matter."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু-যুবায়র (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38627>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন